

(This question paper contains 2 printed pages)

Roll No.

Sl. No of Question Paper: 5213

Unique Paper Code: 208112

Name of the Paper: History of Bengali Language

Name of the Course: B. A. (Prog.) Bengali Discipline

Semester: I

E

Time – 3 hours

M.M. – 75

1. লিপি কাকে বলে? লিপির উদ্ভব ও স্তরভেদ আলোচনা কর।

অথবা

20

বাংলা লিপির উৎস ও ইতিহাস সম্পর্কে বিস্তৃত আলোচনা কর।

2. বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি আলোচনা কর। (লেখচিত্র সহ)

অথবা

20

প্রাচীন বাংলা, মধ্য বাংলা ও আধুনিক বাংলার প্রতিটি স্তরের সময়কাল চিহ্নিত কর এবং প্রতিটি স্তরের দুটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা কর। প্রতিটি স্তরের নিদর্শন দাও।

3. উপভাষা কাকে বলে? বাংলা ভাষার অন্তর্গত উপভাষাগুলির ভৌগোলিক অঞ্চলসহ বৈশিষ্ট্য গুলি লেখ।

অথবা

চর্যাপদ কোন বাংলা ভাষার নিদর্শন হিসাবে পরিগণিত, এই ভাষার সময় কাল ও দশটি বৈশিষ্ট্য লেখ।

অথবা

20

শ্রীকৃষ্ণ কীর্তন কোন বাংলা ভাষার নিদর্শন? এই ভাষার সময়কাল ও দশটি বৈশিষ্ট্য আলোচনা কর।

4. সাধু ভাষা থেকে চলিত ভাষার রূপান্তর করঃ-

আর একটি স্থলপথের উল্লেখ করিলেই স্থলপথ বৃত্তান্ত শেষ হইবে। এই পথটি তাম্রলিঙ্গ - তমলুক হইতে, কর্ণসুবর্ণ হইতে, সোজা দক্ষিণবাহী হইয়া বাঙলা দেশকে দক্ষিণ ভারতের সঙ্গে যুক্ত করিয়াছে। য়ুয়ান্-চোয়াঙ এই পথ ধরিয়াই কর্ণসুবর্ণ হইতে ওড়্র, কঙ্গোদ, কলিঙ্গ, দক্ষিণ - কোশল, অঙ্গ হইয়া দ্রবিড়, চোল, মহারাষ্ট্র প্রভৃতি দেশে গিয়াছিলেন।

5

অথবা

সাধু ও চলিত গদ্যের মধ্যে ভাষাতাত্ত্বিক পার্থক্যগুলি আলোচনা কর।

5. নিম্নলিখিত অংশটিকে আধুনিক বাংলা ভাষায় রূপান্তর কর। 5
- “.....কেনা বাঁশী
- বাএ বড়ায়িকালিনী নইকুলে। কেনা বাঁশী বাএ বড়ায়ি
এ গোঠ গোকুলে। আকুল শরীর মোর বে আকুল মন।
বাঁশীর শবদেঁ মো আউলাইলোঁ রান্ধন। কে না বাঁশী বাএ
বড়ায়ি সে না কোন জনা। দাসী হআঁ তার পাএ নিশিবোঁ আপ না।
6. IPA তে রূপান্তর কর। (যে কোন পাঁচটি) 5
- রবীন্দ্রনাথ, ভারতবর্ষ, পুষ্প, পৃথিবী, পিতা, বাঙালী, দ্যাখ, আলো